


যমক অলঙ্কার

অবস্থান অনুযায়ী- আদ্য যমক, মধ্য যমক, অন্ত্য যমক, সর্ব যমক
অর্থ অনুযায়ী- সার্থক যমক, নিরর্থক যমক



যমক সংজ্ঞা

একই শব্দ একই স্বরধ্বনি সমেত দুবার উচ্চারিত হয়ে
দু'টি অর্থ প্রকাশ করলে যমক অলংকার হয়।



আদ্য যমক

- চাহি না চাহিতে আর কারো প্রতি
এই লাইনে প্রথম 'চাহি'– ইচ্ছা করি
দ্বিতীয় 'চাহি'– দৃষ্টিপাত করি

যমকটি বাক্যের আদিতে অবস্থান করায় আদ্য যমক অলঙ্কার হয়েছে।



মধ্য যমক

- তোমার এ বিধি, বিধি কে বুঝিতে পারে।
এই লাইনে প্রথম 'বিধি'- নিয়ম
দ্বিতীয় 'বিধি'- বিধাতা- দু'টি ভিন্ন অর্থ

যমকটি বাক্যের মাঝখানে থাকায় মধ্যযমকের উদাহরণ।



অন্ত্য যমক

- দুহিতা আনিয়া যদি না দেহ
নিশ্চয় আমি ত্যজিব দেহ।।

উপরের লাইনটিতে- প্রথম 'দেহ' – দেওয়া(দাও ক্রিয়াপদ)

দ্বিতীয় 'দেহ'- শরীর– অর্থাৎ বক্তা দেহত্যাগ করবেন।

এখানে যমকটি চরণের শেষে আছে বলে অন্ত্য যমক অলঙ্কার হয়েছে।



সার্থক যমক

- যুগ্ম শব্দের দু'টিই যদি অর্থ যুক্ত হয় তবে সার্থক যমক।

রক্তমাখা অস্ত্র হাতে যত রক্তআঁখি

এই লাইনটিতে প্রথম রক্ত অর্থ- শোণিত

দ্বিতীয় রক্ত অর্থ- লাল

একই স্বরধ্বনি সমেত দু'বার ব্যবহৃত হয়ে দু'টি অর্থ হওয়াতে— এটি সার্থক যমক অলংকার।



নিরর্থক যমক

- একটি শব্দ অর্থ যুক্ত অপরটি অর্থহীন হলে নিরর্থক যমক অলংকার হয়।

মাসীমার সীমাতেও আমি আসিনি- এখানে 'মাসীমা' শব্দের সীমা অংশটির কোনো অর্থ নেই- তাই এটি নিরর্থক। কিন্তু পরের সীমা শব্দের অর্থ পরিধি - তাই এটি অর্থযুক্ত।- একটি অর্থযুক্ত ও অপরটি অর্থহীন বলে নিরর্থক যমক অলংকার।

